
# লোকবার্তা

সাতাশ-তম বর্ষ। প্রথম সংখ্যা | লোকসংস্কৃতি ও আদিবাসী সংস্কৃতি কেন্দ্রের বুলেটিন | জানুয়ারি ২০২৪ – মার্চ ২০২৪

## ৪৭-তম “কলকাতা আন্তর্জাতিক বইমেলা”-য় লোকশিল্পীদের অনুষ্ঠান ও কেন্দ্রের বুক স্টল




কেন্দ্রের বুক স্টলে মাননীয়া মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়

পাবলিশার্স এন্ড বুক সেলার্স গিল্ড আয়োজিত **১৮-৩১ জানুয়ারি ২০২৪**, কলকাতার বিধাননগর সেন্ট্রাল পার্ক প্রাঙ্গণে “কলকাতা আন্তর্জাতিক বই মেলা” অনুষ্ঠিত হয়। ১৮ জানুয়ারি বই মেলার আনুষ্ঠানিক উদ্বোধন করেন পশ্চিমবঙ্গের মাননীয়া মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়। উদ্বোধনী অনুষ্ঠানে অংশগ্রহণ করেন উত্তর ২৪ পরগনা জেলার বিভিন্ন আঙ্গিকের ৫০ জন লোকশিল্পী। পরিবেশিত হয় উত্তর ২৪ পরগনা জেলার শিল্পীদের বাউল গান। ১৯ জানুয়ারি থেকে ৩১ জানুয়ারি অনুষ্ঠিত হয় উত্তর ২৪ পরগনা, নদিয়া, হুগলি, পূর্ব বর্ধমান ও হাওড়া জেলার শিল্পীদের বাউল গান, উত্তর ২৪ পরগনা ও দক্ষিণ ২৪ পরগনা জেলার শিল্পীদের ভাটিয়ালি গান, দক্ষিণ ২৪ পরগনা জেলার শিল্পীর তরজা গান ও পূর্ব বর্ধমান জেলার শিল্পীর কবিগান। মোট **১৩৪ জন** শিল্পী অনুষ্ঠানে অংশগ্রহণ করেন। “কলকাতা আন্তর্জাতিক বই মেলা”-য় পশ্চিমবঙ্গ মণ্ডপে তথ্য ও সংস্কৃতি বিভাগের অন্যান্য শাখা যেমন পশ্চিমবঙ্গ বাংলা আকাদেমি, পশ্চিমবঙ্গ শিশু কিশোর আকাদেমি, পশ্চিমবঙ্গ রাজ্য সঙ্গীত আকাদেমি, পশ্চিমবঙ্গ রাজ্য চারুকলা পর্ষদ, বসুমতি কর্পোরেশন লিমিটেড, তথ্য শাখা ও রাজ্য প্রত্নতত্ত্ব অধিকারের সাথে ছিল কেন্দ্রের বুক স্টল। বই মেলা উপলক্ষে কেন্দ্র থেকে **৬টি** গ্রন্থ প্রকাশিত হয়েছে— পশ্চিমবঙ্গের লোকযান, বহুকৌণিক লোকসংস্কৃতি, ঝুমুর পঞ্চবিংশতি, The Nachni Chronicles, আদ্যের গম্ভীরা (পরিবর্ধিত সংস্করণ), প্রশ্নোত্তরে বাউল গান (পুনর্মুদ্রণ)। বই মেলায় লোকসংস্কৃতি ও আদিবাসী সংস্কৃতি কেন্দ্রের প্রায় **১ লাখ ৫২ হাজার টাকার** বই বিক্রি হয়েছে।



পশ্চিমবঙ্গ মণ্ডপে বাউল গান



২৭ ফেব্রুয়ারি ২০২৪ পুরুলিয়া জেলায় মাননীয়া মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায় শ্রী রাবন টুডু ও শ্রীমতি দীপালি শবরকে বাদ্য যন্ত্র ও লোকপ্রসার প্রকল্পের সচিত্র পরিচয়পত্র দিয়ে সম্মানিত করেন



১২ মার্চ ২০২৪ মাননীয়া মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায় উত্তর ২৪ পরগনার হাবড়ায় লোকশিল্পীকে সচিত্র পরিচয়পত্র প্রদান করছেন।

# ৭৫তম ‘সাধারণতন্ত্র দিবস’ উদ্‌যাপনে লোকপ্রসার প্রকল্পের শিল্পীরা



৭৫তম সাধারণতন্ত্র দিবস অনুষ্ঠান

৭৫তম ‘সাধারণতন্ত্র দিবস’ উদ্‌যাপন হয়ে গেল **২৬ জানুয়ারি ২০২৪** কলকাতার রেড রোডে। ‘সাধারণতন্ত্র দিবস’-এর মূল অনুষ্ঠানে মুর্শিদাবাদ, পূর্ব বর্ধমান, নদিয়া, বীরভূম ও হুগলি এই প্রত্যেকটি জেলা থেকে ৪ জন করে পুরুষ ও ৬ জন করে মহিলা মোট ৫০ জন বাউল শিল্পী, কোচবিহার জেলার ২৫ জন বৈরাতী নৃত্যের শিল্পী, পশ্চিম মেদিনীপুর জেলার ২৫ জন আদিবাসী নৃত্যের শিল্পী, পুরুলিয়া জেলার ২৫ জন ছৌ নৃত্যের শিল্পী, দার্জিলিং জেলার ২৫ জন কুকরি নৃত্যের শিল্পী, মুর্শিদাবাদ জেলার ২ জন, পূর্ব বর্ধমান জেলার ৯ জন, উত্তর ২৪ পরগনা জেলার ২ জন, দক্ষিণ ২৪ পরগনা জেলার ৫ জন ও হুগলি জেলার ৭ জন কীর্তন ও শ্রীখোল বাদ্যের শিল্পী অংশগ্রহণ করেন। মোট **১৭৫ জন** শিল্পী এই অনুষ্ঠানে অংশগ্রহণ করেন।

# বিভিন্ন অনুষ্ঠানে লোকসংস্কৃতি ও আদিবাসী সংস্কৃতি কেন্দ্রের বুক স্টল

**‘কবিতা উৎসব’ ২০২৪** – পশ্চিমবঙ্গ কবিতা আকাদেমির উদ্যোগে **৪-৬ জানুয়ারি ২০২৪** ‘কবিতা উৎসব’ অনুষ্ঠিত হয় রবীন্দ্র সদন ও পশ্চিমবঙ্গ বাংলা আকাদেমি প্রাঙ্গণে। এই উৎসবে পশ্চিমবঙ্গ বাংলা আকাদেমি, পশ্চিমবঙ্গ শিশু কিশোর আকাদেমি, পশ্চিমবঙ্গ রাজ্য চারুকলা পর্ষদ, নন্দন, তথ্য শাখা, রাজ্য প্রত্নতত্ত্ব অধিকার, বসুমতি কর্পোরেশন লিমিটেড ও অন্যান্য শাখার সাথে লোকসংস্কৃতি ও আদিবাসী সংস্কৃতি কেন্দ্রের বুক স্টল ছিল।

**‘সাহিত্য উৎসব ও লিটল ম্যাগাজিন মেলা’- ১০-১৪ জানুয়ারি ২০২৪**, ‘সাহিত্য উৎসব ও লিটল ম্যাগাজিন মেলা’-য় রবীন্দ্রসদন-নন্দন-পশ্চিমবঙ্গ বাংলা আকাদেমি প্রাঙ্গণে, তথ্য ও সংস্কৃতি বিভাগের অন্যান্য শাখা যেমন— পশ্চিমবঙ্গ বাংলা আকাদেমি, পশ্চিমবঙ্গ শিশু কিশোর আকাদেমি, পশ্চিমবঙ্গ চারুকলা পর্ষদ, নন্দন ও অন্যান্যদের সাথে ছিল লোক সংস্কৃতি ও আদিবাসী সংস্কৃতি কেন্দ্রের বুক স্টল। প্রতিদিন বেলা ৩টা থেকে রাত ৯টা পর্যন্ত ছিল বই বিক্রির সময়সীমা। ৫ দিনে কেন্দ্রের প্রায় **১৪ হাজার** টাকার বই বিক্রি হয়েছে।

# ‘সাহিত্য উৎসব ও লিটল ম্যাগাজিন মেলা’-য় লোকশিল্পীদের অংশগ্রহণ



লিটিল ম্যাগাজিন মেলায় ঘোড়া নাচ

**১০-১৪ জানুয়ারি ২০২৪,** তথ্য ও সংস্কৃতি বিভাগ পশ্চিমবঙ্গ সরকারের উদ্যোগে ও পশ্চিমবঙ্গ বাংলা আকাদেমির সহযোগিতায় প্রত্যেকদিন বেলা ৩ টে থেকে রাত ৯টা পর্যন্ত রবীন্দ্র সদন-নন্দন ও পশ্চিমবঙ্গ বাংলা আকাদেমি প্রাঙ্গণে অনুষ্ঠিত হয় বাংলা ভাষার বৃহত্তম সাহিত্য পার্বণ ‘সাহিত্য উৎসব ও লিটল ম্যাগাজিন মেলা’। ১০ জানুয়ারি মেলার আনুষ্ঠানিক উদ্বোধনের দিন অনুষ্ঠিত হয় উত্তর ২৪ পরগনা, দক্ষিণ ২৪ পরগনা, বীরভূম ও হুগলি জেলার শিল্পীদের আদিবাসী নৃত্য, দক্ষিণ ২৪ পরগনা জেলার শিল্পীদের শ্রীখোল বাদ্য, বীরভূম ও দক্ষিণ ২৪ পরগনা জেলার শিল্পীদের বাউল গান, হাওড়া জেলার শিল্পীদের ছৌ নৃত্য, পূর্ব বর্ধমান জেলার শিল্পীদের ঘোড়া নাচ ও বীরভূম জেলার শিল্পীদের বহুরূপী। ১১ জানুয়ারি অনুষ্ঠিত হয় হুগলি জেলার বাউল গান ও উত্তর ২৪ পরগনা জেলার ভাটিয়ালি গান। ১২ জানুয়ারি অনুষ্ঠিত হয় নদিয়া জেলার বাউল গান ও পশ্চিম মেদিনীপুর জেলার ঝুমুর গান। ১৩ জানুয়ারি পরিবেশিত হয় পূর্ব মেদিনীপুর জেলার বাউল গান ও দক্ষিণ ২৪ পরগনা জেলার ভাটিয়ালি গান। ১৪ জানুয়ারি অনুষ্ঠিত হয় পূর্ব বর্ধমান জেলার বাউল গান ও পুরুলিয়া জেলার ঝুমুর গান। মোট **১৫৪ জন** শিল্পী এই অনুষ্ঠানে অংশগ্রহণ করেছিলেন।

# কলকাতায় নেতাজীর জন্মজয়ন্তী অনুষ্ঠানে লোকশিল্পীরা

**২৩ জানুয়ারি ২০২৪,** নেতাজি সুভাষ চন্দ্র বসুর ১২৮ তম জন্মজয়ন্তী উদ্‌ যাপন উপলক্ষে একটি বিশেষ অনুষ্ঠানের আয়োজন করা হয়েছিল কলকাতার মেয়ো রোড-এ অবস্থিত নেতাজী সুভাষচন্দ্র বসুর মূর্তির পাদদেশে। এই অনুষ্ঠানে উপস্থিত ছিলেন পশ্চিমবঙ্গের মাননীয়া মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়। উত্তর ২৪ পরগনা ও দক্ষিণ ২৪ পরগনা থেকে বিভিন্ন আঙ্গিকের মোট **২০০ জন** লোকশিল্পী এই অনুষ্ঠানে অংশগ্রহণ করেছিলেন।

## ‘বাংলা মোদের গর্ব’ – অনুষ্ঠানে লোকশিল্পীরা



বাংলা মোদের গর্ব অনুষ্ঠানে বাউল গান

**১৬-১৮ জানুয়ারি ২০২৪**, কলকাতা রবীন্দ্র সদনের বিপরীতে অবস্থিত মোহরকুঞ্জ-তে তথ্য ও সংস্কৃতি বিভাগ এর আয়োজনে তিন দিন বিকেল ৫টা থেকে রাত ৯টা পর্যন্ত ‘বাংলা মোদের গর্ব’ শীর্ষক একটি অনুষ্ঠান আয়োজিত হয়। ১৬ জানুয়ারি অনুষ্ঠানের প্রথম দিন পরিবেশিত হয় হুগলি জেলার বাউল গান। ১৭ জানুয়ারি অনুষ্ঠিত হয় উত্তর ২৪ পরগনা জেলার ভাটিয়ালি গান এবং ১৮ জানুয়ারি অনুষ্ঠানের শেষ দিন আয়োজিত হয় পুরুলিয়া জেলার ঝুমুর গান। মোট **১৮ জন** লোকশিল্পী এই অনুষ্ঠানে অংশগ্রহণ করেছিলেন।

## ‘আন্তর্জাতিক মাতৃভাষা দিবস’ উদ্‌যাপন অনুষ্ঠানে লোকশিল্পীরা

**২১ ফেব্রুয়ারি** ‘আন্তর্জাতিক মাতৃভাষা দিবস’ উপলক্ষে পশ্চিমবঙ্গ বাংলা আকাদেমির আয়োজনে **২১-২৩ ফেব্রুয়ারি ২০২৪**, তিন দিন ব্যাপী পশ্চিমবঙ্গ বাংলা আকাদেমি সভাঘরে ভাষা উৎসব উদ্‌যাপন হয়। ২১ ফেব্রুয়ারির অনুষ্ঠানে লোকশিল্পীরাও অংশগ্রহণ করেন। অনুষ্ঠিত হয় জলপাইগুড়ি জেলার রাভা সম্প্রদায়ের গান, কোচবিহার জেলার ভাওয়াইয়া গান, পশ্চিম মেদিনীপুর জেলার সাঁওতাল সম্প্রদায়ের গান, দার্জিলিং জেলার নেপালি সম্প্রদায়ের গান, হুগলি জেলার ওঁরাও সম্প্রদায়ের গান ও ঝাড়গ্রাম জেলার মুন্ডা সম্প্রদায়ের গান। মোট **৩০ জন** লোকশিল্পী এই অনুষ্ঠানে অংশগ্রহণ করেছিলেন।

## ‘কলকাতা শ্রী’ অনুষ্ঠানে লোকশিল্পীরা

**১২ ফেব্রুয়ারি ২০২৪**, কলকাতা পৌর সভার পুরস্কার প্রদান অনুষ্ঠান ‘কলকাতা শ্রী’ অনুষ্ঠিত হয় কলকাতার টাউন হল-এ। অনুষ্ঠানে কলকাতা পৌরসভার মহানাগরিক উপস্থিত ছিলেন। এই অনুষ্ঠানে উত্তর ২৪ পরগনার মোট **১৫ জন** ঢাক ও ধুনুচি নৃত্যের শিল্পী অংশগ্রহণ করেন।

## প্রয়াণলেখ

**১৭ জানুয়ারি ২০২৪**, মুর্শিদাবাদ জেলার প্রবীণ আলকাপ শিল্পী জান মোহাম্মদ শেখ প্রয়াত হন। আলকাপের এই প্রবাদ-প্রতিম শিল্পী একসময় ঝাকসুর সাথে তাঁর দলে অভিনয় করেছেন।

## ‘রাজ্য সবলা মেলা ২০২৩- ২০২৪’-এ লোকশিল্পীদের অনুষ্ঠান

**২৬-২৯ জানুয়ারি ২০২৪**, স্বনির্ভর গোষ্ঠী ও স্বনিযুক্ত বিভাগ-এর দ্বারা আয়োজিত ‘রাজ্য সবলা মেলা’, অনুষ্ঠিত হয়ে গেল রাজারহাট নিউটউন মেলা প্রাঙ্গণে। হস্তশিল্পের শিল্পীরা পশ্চিমবঙ্গের বিভিন্ন প্রান্ত থেকে এই সবলা মেলায় অংশগ্রহণ করেছিলেন। বিভিন্ন আঙ্গিকের লোকশিল্পীরাও পশ্চিমবঙ্গের বিভিন্ন জেলা থেকে এই সবলা মেলায় অংশগ্রহণ করেছিলেন। ২৬ জানুয়ারি অনুষ্ঠিত হয় পূর্ব বর্ধমান জেলার ঘোড়া নাচ ও হুগলি জেলার আদিবাসী নৃত্য। ২৭ জানুয়ারি অনুষ্ঠিত হয় উত্তর ২৪ পরগনা জেলার ভাটিয়ালি গান ও পূর্ব বর্ধমান জেলার রায়বেঁশে নৃত্য। ২৮ জানুয়ারি পরিবেশিত হয় পুরুলিয়া জেলার ঝুমুর গান ও নাটুয়া নৃত্য। ২৯ জানুয়ারি অনুষ্ঠিত হয় কোচবিহার জেলার ভাওয়াইয়া গান ও পুরুলিয়া জেলার ছৌ নৃত্য। মোট **৮৬ জন** লোকশিল্পী এই অনুষ্ঠানে অংশগ্রহণ করেছিলেন।

## ওয়েস্ট বেঙ্গল কমিশন ফর প্রটেকশন অফ চাইল্ড রাইটস-এর অনুষ্ঠানে রণপা নৃত্যের শিল্পী

**১০-১৫ জানুয়ারি ২০২৪**, ওয়েস্ট বেঙ্গল কমিশন ফর প্রটেকশন অফ চাইল্ড রাইটস, গঙ্গাসাগর মেলায় শিশুদের অধিকার নিয়ে সাধারণ মানুষদের মধ্যে সচেতনতার প্রচারের জন্য রণপা নৃত্যকে একটি মাধ্যম হিসেবে ব্যবহার করেন। পূর্ব বর্ধমান জেলা থেকে মোট **৩৬ জন** রণপা নৃত্যের শিল্পী গঙ্গাসাগর মেলায় অনুষ্ঠান করেন।

## “২৪তম আন্তর্জাতিক লোকসংস্কৃতি উৎসব ২০২৪, কৃষি ও হস্তশিল্প মেলা ও আদিবাসী ক্রীড়া প্রতিযোগিতা”-য় লোকশিল্পীদের অনুষ্ঠান


**১২-১৮ জানুয়ারি ২০২৪**, লোকসংস্কৃতি উৎসব ও কৃষি মেলা কমিটি, শ্রীরামপুর, পূর্ব বর্ধমানের ব্যবস্থাপনায় ‘২৪তম আন্তর্জাতিক লোকসংস্কৃতি উৎসব ২০২৪, কৃষি ও হস্তশিল্প মেলা ও আদিবাসী ক্রীড়া প্রতিযোগিতা’ অনুষ্ঠিত হয়েছে। এই মেলায় ১১ ও ১২ জানুয়ারি দু দিন অনুষ্ঠিত হয় দার্জিলিং জেলার মারুণি নৃত্য। ১৫ জানুয়ারি অনুষ্ঠিত হয় উত্তর ২৪ পরগনা জেলার ভাটিয়ালি গান এবং ১৬ জানুয়ারি পরিবেশিত হয় বাঁকুড়া জেলার ঝুমুর গান। মোট **৪২ জন** লোকশিল্পী এই অনুষ্ঠানে অংশগ্রহণ করেছিলেন।

## লোকসংস্কৃতি ও আদিবাসী সংস্কৃতি কেন্দ্র-র প্রকাশনা


অমল কে ভৌমিক
লৌকিক ছড়ায় লোকগণিত ৩০০.০০




অমিতাভ মুখোপাধ্যায়
মূল্যবোধের বিকাশে লোকসংস্কৃতির ভূমিকা ২০০.০০
অমিয়শঙ্কর চৌধুরী
পল্লিকবি একলিমুর রাজার সংগীতমালা ৮০.০০
অরুণকুমার রায়
লোকায়নচর্চার ভূমিকা ৫০.০০
অশোক ভট্টাচার্য
পশ্চিমবঙ্গের পটচিত্র ৪০০.০০




আদিত্য মুখোপাধ্যায়
রণনৃত্য ৭০.০০
আবদুর রাকিব
চারণকবি গুমানি দেওয়ান ১০০.০০
আবুল আহসান চৌধুরী
আব্বাসউদ্দিন ১২০.০০
উপেন্দ্রকিশোর রায়চৌধুরী
চিত্তরঞ্জন সেনগুপ্ত (তরজামাইচ)
মুরুলিমোহন হাঁসদা (গড়ঃ ইচ)
টুনটুনি রেয়াঃ কাথা ৫০.০০




কালাচাঁদ মাহালী
মাহালী লোকগান ও লোককথা ১৫০.০০
গদাধর দে
লোকায়ত বাংলা দোঁহা ১৫০.০০
গৌতমকুমার দাস
গাজন ভাটা দেলের গান ১৫০.০০




ডাবলু সরেন
সাঁওতালি নাটকের কথা ১৫০.০০
তনয় মণ্ডল
রাজবংশি লোকচিকিৎসা ১০০.০০
তারাপদ সাঁতরা
পশ্চিমবঙ্গের লোকশিল্প ও শিল্পীসমাজ ৩০০.০০
তরণীসেন মহান্ত
প্রশ্নোত্তরে বাউল গান (পুনর্মুদ্রণ) ২০০.০০





দিনেন্দ্র চৌধুরী
গ্রাম নগরের গান ১০০.০০
গ্রামীণ গীতিসংগ্রহ দ্বিতীয় খণ্ড ২২৫.০০
দেবজিত্ বন্দ্যোপাধ্যায়
বঙ্গরঙ্গমঞ্চে লোকসংগীত ১৮০.০০
দীপক বিশ্বাস
কবিয়াল লম্বোদর চক্রবর্তী ৬০.০০





দীপঙ্কর ঘোষ
আদিবাসী শিকার সংস্কৃতি ১২০.০০
ধনঞ্জয় রায়
খন ৭০.০০


ধীরেন্দ্রনাথ কর
রাঢ় বাঁকুড়ার লোকভাষা ও লোকশব্দাবলী ১৭০.০০




ধীরেন্দ্রনাথ বাস্কে
আদিবাসী সমাজ ও পালপার্বণ ১৭০.০০
নিখিলকুমার চন্দ্র
টগর অধিকারী ৫০.০০
নির্মলেন্দু দে
জেতোড় লোকসাহিত্য ১২০.০০
নিরঞ্জন বন্ধ্যোপাধ্যায়
সুধী প্রধান : জীবন ও সাধনা ৭৫.০০




নিশীথ চক্রবর্তী
পুতুল নাচ ৮০.০০
পশুপতিপ্রসাদ মাহাতো (সম্পা.)
মহাকবি বিনন্দিয়া সিংহের পদাবলী : রামায়ণ ও রাধাকৃষ্ণ ১৫০.০০
পুষ্পজিৎ রায়
গম্ভীরা ১০০.০০
মালদহ জেলার লৌকিক ছড়া ও সংগীত ১২০.০০





পার্থসারথি হাটি
ছড়ার ছন্দ ও আধুনিক কবিতা ৫০০.০০
প্রমোদ নাথ
তামাঙ ৬০.০০
বরুণকুমার চক্রবর্তী
লেটো ১৫০.০০
বরুণ কুমার চক্রবর্তী ও সুমন চ্যাটার্জি সম্পাদিত
লোকসংস্কৃতির তত্ত্বতালাশ ২৫০.০০




বিকাশ পাল
খেলার ছড়া ঃ ছড়ার খেলা ২৫০.০০
বাসুদেব ঘোষ
প্রবাদের গল্প ২০০.০০
বাংলার অধিবাসী ৫০০.০০
বিকাশকান্তি মিদ্যা
দক্ষিণ চব্বিশ পরগনার স্থান নাম ১৭০.০০
বীরেশ্বর বন্দ্যোপাধ্যায়
ধর্মঠাকুর শূন্যপুরাণ প্রসঙ্গে ১৭০.০০



বুদ্ধদেব বন্দ্যোপাধ্যায়
নজরুল সাহিত্যে লৌকিক জীবন ও সংস্কৃতি ২০০.০০
মণিমোহন দাস
গ্রামীণ সংগীতের ডালি ১৫০.০০
মহঃ জাহাঙ্গীর হোসেন
বাংলাদেশের লোকনাট্য ৪০০.০০
মালিনী ভট্টাচার্য (সম্পা.)
সুধী প্রধান স্মারক গ্রন্থ ২০০.০০





মালিনী ভট্টাচার্য ও প্রদীপ্ত বাগচি
কবিয়াল গুরুদাস পাল ৫০.০০
মিহির ভট্টাচার্য (সম্পা.)
লোকশ্রুতি প্রবন্ধ সংকলন ২০০.০০

## লোকসংস্কৃতি ও আদিবাসী সংস্কৃতি কেন্দ্র-র প্রকাশনা

মুহম্মদ আয়ুব হোসেন
মহিলা কথকদের কেচ্ছা এবং রূপকথা ১০০.০০
মোহিত রায়
বোলান ৮০.০০
যোগেন্দ্রনাথ দাস (সংকলন) নিখিলেশ রায় (সম্পা.)
উককতার ঝোপা ১৫০.০০
রীতা সাহা
রবীন্দ্রমানসে লোকসংগীতের প্রভাব ৩০০.০০
শক্তিনাথ ঝা
আলকাপ ১২০.০০
ঝাকসু ২৫.০০
শ্রমসংগীত ১০০.০০
শশাঙ্কশেখর দাস
বনবিবি ১০০.০০
শামস্ আলদীন্
লোকসাহিত্যে নারী ২০০.০০
শ্যামল বেরা
ভাঁড়যাত্রা ৯০.০০
শিখা বন্দ্যোপাধ্যায়
লোকসংস্কৃতি চর্চা ও সুকুমার সেন ১০০.০০
শিবপদ ভৌমিক ও সুস্মিতা ভৌমিক
লোকসংস্কৃতি চর্চা ৮০.০০
শিবপ্রসাদ চট্টোপাধ্যায়
লোকায়ত পশ্চিমরাঢ় ১৩০.০০
শিবেন্দুশেখর মিশ্র
সাঁওতাল : সমাজ সংস্কৃতি ও সংগ্রাম ২৫০.০০
সুশান্ত বিশ্বাস
মালপাহাড়িয়া ৪৫.০০
লুপ্তপ্রায় লোকসংস্কৃতি ৭৫.০০
শ্যামাপদ বর্মন
ভাওয়াইয়া গীতিসংগ্রহ ও স্বরলিপি ১০০.০০
সহদেব মুরমু
শিকৌর দিসম রেয়াঃ সহরায় এনেচ্ সেরেঞ ১৫০.০০
সঙ্গীতা সেন
মুখোশশিল্প ৮০.০০
সাগর চট্টোপাধ্যায়
সুন্দরবনের কারুশিল্প ও কারুশিল্পী ২৫০.০০
সুব্রত চক্রবর্তী
জঙ্গলমহলের জনসংস্কৃতি ১০০.০০
সীমান্ত বাংলার লোকক্রীড়া ৩০.০০
সুবোধ চৌধুরী
ডোমনি ৬০.০০
সুবোধ বসু রায়
রাঢ়বঙ্গের কারুশিল্প ৪০.০০




















সুহাসিনী দেবী
মেয়েলি ব্রতকথা ১৫০.০০
স্বপন মুখোপাধ্যায়
গম্ভীরার অতীত ও বর্তমান ৫০০.০০
সোমা মুখোপাধ্যায়
বাংলার দাই ২৫০.০০
হরিদাস পালিত
সম্পাদনা বরুণ কুমার চক্রবর্তী
আদ্যের গম্ভীরা (পরিবর্ধিত সংস্করণ) ২৫০.০০
হাবিবুর রহমান
সামাজিক উন্নয়নে ফোকলোর ১৫০.০০
জেলা লোকসংস্কৃতি পরিচয়
নদিয়া ১৫০.০০, বর্ধমান ১৪০.০০
বাঁকুড়া ১০০.০০, হাওড়া ৭০.০০
মেদিনীপুর ১৪০.০০
মুর্শিদাবাদ ৪৫০.০০, পুরুলিয়া ৪০০.০০
মালদহ ৪৫০.০০, বীরভূম ৪০০.০০
উত্তর দিনাজপুর ৩৫০.০০
আলিপুরদুয়ার ৪০০.০০
দক্ষিণ দিনাজপুর ৪০০.০০
দক্ষিণ ২৪ পরগনা ৬০০.০০
কোচবিহার ৪০০.০০
পশ্চিমবঙ্গের মেলা ৩০০.০০
বঙ্গীয় লোকসংগীত কোষ ৪০০.০০
লোকদেবতা ও উৎসব : নানা প্রসঙ্গ ২৫০.০০
লোকভাষার নানা দিগন্ত ১৫০.০০
রবীন্দ্রনাথের ছড়া পটুয়ার গান *প্রতিটি* ১০.০০
Santal Architecture *200.00*
Folk Music and Folklore : An Anthology *300.00*
Hemango Biswas (ed.)
Barun Kumar Chakraborty
Essays on Folkloristics *300.00*
লোকশ্রুতি(ষাণ্মাসিক গবেষণা পত্রিকা) ৫০.০০ প্রতিসংখ্যা












### নতুন সংযোজন

রঙ্গনকান্তি জানা পশ্চিমবঙ্গের লোকযান ১৫০.০০
বিশ্বজিৎ সরকার বহুকৌণিক লোকসংস্কৃতি ১৫০.০০
অশোক দাস ঝুমুর পঞ্চবিংশতি ৩৫০.০০
Abhijit Chakrborty The Nachni Chronicles *1000.00*




### প্রাপ্তিস্থান

রবীন্দ্রসদন ‘বইঘর’, দক্ষিণাপণ মার্কেটে ‘লোকসংস্কৃতির বই’ স্টল ও কেন্দ্রের লোকগ্রামের কার্যালয়

## আদিবাসী নৃত্যের কর্মশালা ও অনুষ্ঠান: পশ্চিম বর্ধমান



**২১-২৩ ফেব্রুয়ারি ২০২৪**, লোকসংস্কৃতি ও আদিবাসী সংস্কৃতি কেন্দ্রের উদ্যোগে এবং জেলা তথ্য ও সংস্কৃতি দপ্তর, পশ্চিম বর্ধমানের সহযোগিতায় আসানসোল কন্যাপুরের আদর্শ শ্রমিক মঙ্গল কেন্দ্র সভাকক্ষে তিন দিনের একটি কর্মশালা ও অনুষ্ঠান অনুষ্ঠিত হয়। ২১ ফেব্রুয়ারি কর্মশালার আনুষ্ঠানিক উদ্বোধন করেন মাননীয় মন্ত্রী শ্রী মলয় ঘটক। তিন দিনের এই কর্মশালায় অংশগ্রহণ করেছিলেন পশ্চিম মেদিনীপুর, পূর্ব বর্ধমান, বাঁকুড়া, বীরভূম ও পুরুলিয়া জেলার আদিবাসী নৃত্যের শিল্পীরা। তিন দিনের কর্মশালায় মোট অংশগ্রহণকারী শিল্পী সংখ্যা **৩০০ জন**।

## টুসু গানের কর্মশালা ও অনুষ্ঠান: পুরুলিয়া



**২২-২৪ ফেব্রুয়ারি ২০২৪**, পুরুলিয়ার রবীন্দ্র ভবনে লোকসংস্কৃতি ও আদিবাসী সংস্কৃতি কেন্দ্রের উদ্যোগে এবং পুরুলিয়া জেলা তথ্য সংস্কৃতি দপ্তরের সহযোগিতায় তিন দিনের টুসু গানের কর্মশালা ও অনুষ্ঠান অনুষ্ঠিত হয়। ২২ ফেব্রুয়ারি কর্মশালা ও অনুষ্ঠানের প্রথম দিনে উপস্থিত ছিলেন পুরুলিয়া জেলা পরিষদের সভাধিপতি, পুরুলিয়া পৌর সভার পৌর প্রধান, জেলা পরিষদের সদস্যবৃন্দ ও আরো অনেকে বিশিষ্টজনেরা। পুরুলিয়া জেলা, পূর্ব বর্ধমান জেলা, এবং বাঁকুড়া জেলা থেকে তিন দিনের টুসু গানের কর্মশালা ও অনুষ্ঠানে মোট **৩০০ জন** লোকশিল্পী অংশগ্রহণ করেছিলেন। টুসু গানের প্রসার ও শিল্পীদের উন্নতি সাধনই ছিল এই কর্মশালার মূল লক্ষ্য। তিন দিনের এই কর্মশালা ও অনুষ্ঠানের প্রশিক্ষক হিসেবে ছিলেন পুরুলিয়া জেলার টুসু গানের প্রখ্যাত শিল্পী শ্রীমতি বেলারানী মাহাতো।

## রায়বেঁশে নৃত্যের কর্মশালা ও অনুষ্ঠান: বীরভূম



**২৭-২৯ ফেব্রুয়ারি ২০২৪**, লোকসংস্কৃতি ও আদিবাসী সংস্কৃতি কেন্দ্রের উদ্যোগে এবং বীরভূম তথ্য ও সংস্কৃতি দপ্তরের সহযোগিতায় রামপুরহাটে রামপুরহাট রেলওয়ে ইনস্টিটিউট হল-এ অনুষ্ঠিত হয় তিন দিনের রায়বেঁশে নৃত্যের কর্মশালা ও অনুষ্ঠান। এই কর্মশালা ও অনুষ্ঠানের প্রথম দিন উপস্থিত ছিলেন মাননীয় সাংসদ শ্রী অসিত মাল, মহকুমা শাসক শ্রী সৌরভ পান্ডে সহ বিশিষ্টজনেরা। কর্মশালায় প্রথম দিনের অনুষ্ঠানে প্রশিক্ষক ছিলেন রায়বেঁশে শিল্পী শ্রী মাধব প্রামানিক ও শ্রী বাসুদেব ভল্লা। দ্বিতীয় দিনের কর্মশালার প্রশিক্ষক ছিলেন শ্রী রক্ষাকর প্রামাণিক ও শ্রী আবু সালেহ। শেষ দিনের কর্মশালার প্রশিক্ষক ছিলেন শ্রী দুঃখহরণ পণ্ডিত ও শ্রী সুনীল থান্ডার। পশ্চিমবঙ্গের পাঁচটি জেলা যেমন বীরভূম, পূর্ব মেদিনীপুর, মুর্শিদাবাদ, ঝাড়গ্রাম ও হুগলি জেলা থেকে ১৯টি দল ও প্রায় **৩০০ জন** শিল্পী অংশগ্রহণ করেছিলেন এই কর্মশালায়।

## মহাবিদ্যালয় ও বিশ্ববিদ্যালয় ছাত্র ছাত্রীদের নিয়ে লোকসংস্কৃতি বিষয়ক কর্মশালা ও সম্মেলন

**৬ মার্চ ২০২৪**, লোকসংস্কৃতি ও আদিবাসী সংস্কৃতি কেন্দ্রের উদ্যোগে এবং ঝাড়গ্রাম তথ্য ও সংস্কৃতি দপ্তরের সহযোগিতায় ঝাড়গ্রাম রাজ কলেজ-এ বেলা ১১ টায় অনুষ্ঠিত হয় মহাবিদ্যালয় ও বিশ্ববিদ্যালয় ছাত্র ছাত্রীদের নিয়ে লোকসংস্কৃতি বিষয়ক এক দিবসীয় কর্মশালা ও সম্মেলন। বক্তা হিসেবে উপস্থিত ছিলেন বিশিষ্ট অধ্যাপক ও লোকসংস্কৃতি ও আদিবাসী সংস্কৃতি কেন্দ্রের মাননীয় সদস্য ড.বরুন কুমার চক্রবর্তী, লোকসংস্কৃতি গবেষক ও লেখক ড. মধুপ দে এবং পণ্ডিত রঘুনাথ মুর্মু স্মৃতি মহাবিদ্যালয়ের বাংলা বিভাগের সহ অধ্যাপক ড. বিপ্লব মন্ডল। স্বাগত ভাষণ প্রদান করেন ঝাড়গ্রাম রাজ কলেজের মাননীয় অধ্যক্ষ শ্রী দেবনারায়ণ রায়। অনুষ্ঠানে উপস্থিত ছিলেন লোকসংস্কৃতি ও আদিবাসী সংস্কৃতি কেন্দ্রের মাননীয় সদস্য ড. শিবশঙ্কর সরেন। **৭৫ জন** ছাত্রছাত্রীদের সাথে প্রশ্ন উত্তর পর্বের মধ্যে দিয়ে কর্মশালা ও সম্মেলন সার্থক ভাবে সুসম্পন্ন হয়।

## লোকনৃত্যের কর্মশালা ও অনুষ্ঠান: দার্জিলিং



**২৭-২৯ ফেব্রুয়ারি ২০২৪**, লোকসংস্কৃতি ও আদিবাসী সংস্কৃতি কেন্দ্রের উদ্যোগে ও দার্জিলিং তথ্য সংস্কৃতি দপ্তরের সহযোগিতায় দার্জিলিং-এ গোর্খা রঙ্গমঞ্চ ভবনে অনুষ্ঠিত হয় তিন দিনের লোকনৃত্যের কর্মশালা ও অনুষ্ঠান। উদ্বোধনী অনুষ্ঠানে ওই জেলার বিশিষ্ট ব্যক্তিরা উপস্থিত ছিলেন। প্রশিক্ষক হিসেবে উপস্থিত ছিলেন শ্রী রাজেন গুরুং, শ্রী প্রভাস তামাং, শ্রী অশোক থাপা, শ্রী সুনীল রাই, শ্রী দীপেন তামাং ও শ্রীমতি লামহু শেরপা। কর্মশালায় প্রশিক্ষণ দেওয়া হয় শিল্পী, ঝাকরি, সাবরু ও চ্যাবরুং নৃত্যের। প্রায় **৩০০ জন** শিল্পী এই কর্মশালায় অংশগ্রহণ করেছিলেন। তিন দিনের কর্মশালা ও অনুষ্ঠানটি সর্বাঙ্গিকভাবে সফল হয়েছে।

## লোকনাট্যের কর্মশালা ও অনুষ্ঠান: উত্তর দিনাজপুর



**২৭-২৯ ফেব্রুয়ারি ২০২৪**, লোকসংস্কৃতি ও আদিবাসী সংস্কৃতি কেন্দ্রের উদ্যোগে এবং উত্তর দিনাজপুর তথ্য ও সংস্কৃতি দপ্তরের সহযোগিতায় উত্তর দিনাজপুর জেলার কর্ণজোড়া সভা কক্ষে অনুষ্ঠিত হয় তিন দিনের লোকনাট্যের কর্মশালা ও অনুষ্ঠান। উদ্বোধনী অনুষ্ঠানে উপস্থিত ছিলেন রায়গঞ্জের মহকুমা শাসক শ্রী কিংশুক মাইতি এবং আরও অনেক বিশিষ্টজনেরা। কর্মশালায় বিশেষজ্ঞ হিসেবে উপস্থিত ছিলেন গবেষক শ্রী সৌরভ রায়, ড. বৃন্দাবন ঘোষ এবং অধ্যাপক সুদেব সরকার। **১৮০ জন** খন, হালুয়া হালুয়ানি এবং আরো অন্যান্য লোকনাট্যের শিল্পীরা উত্তর দিনাজপুর, দক্ষিণ দিনাজপুর এবং মালদা জেলা থেকে এই তিন দিনের কর্মশালা ও অনুষ্ঠানে অংশগ্রহণ করেছিলেন।

## কবিগানের কর্মশালা ও অনুষ্ঠান: মুর্শিদাবাদ




কন্যাশ্রী, সবুজসাথী, স্বাস্থ্যসাথী এবং রাজ্য সরকারের বিভিন্ন জনমুখী প্রকল্পগুলির প্রচার গ্রামের সাধারণ মানুষদের কাছে পৌঁছে দেন লোকশিল্পীরা। লোকসংস্কৃতি ও আদিবাসী সংস্কৃতি কেন্দ্রের উদ্যোগে এবং মুর্শিদাবাদ জেলা তথ্য ও সংস্কৃতি দপ্তরের সহযোগিতায় **২৭-২৯ ফেব্রুয়ারি ২০২৪** মুর্শিদাবাদ জেলার বহরমপুরের রবীন্দ্র ভবনে অনুষ্ঠিত হয়ে গেল কবিগানের কর্মশালা ও অনুষ্ঠান। কর্মশালার প্রথম দিন উপস্থিত ছিলেন মুর্শিদাবাদের অতিরিক্ত জেলা শাসক (উন্নয়ন) শ্রী চিরন্তন প্রামাণিক। মুর্শিদাবাদ, বীরভূম, নদিয়া, মালদা ও পূর্ব বর্ধমান জেলা থেকে মোট **২০০ জন** কবিগানের শিল্পী। প্রশিক্ষক ছিলেন নদিয়া তেহট্ট থেকে শ্রী তুফান বিশ্বাস এবং মুর্শিদাবাদ জেলার শ্রী কাঞ্চন মণ্ডল। উদ্দেশ্য প্রবীণ কবিয়ালদের হাত ধরে শিখবেন নবীন শিল্পীরা।

## 'দি ওয়েস্ট বেঙ্গল ইউনিভার্সিটি অফ জুরিডিক্যাল সায়েন্সেস'-এর সম্মেলনে লোকশিল্পী

**৮-১০ মার্চ ২০২৪**, 'দি ওয়েস্ট বেঙ্গল ইউনিভার্সিটি অফ জুরিডিক্যাল সায়েন্সেস'-এ তিন দিনের একটি আন্তর্জাতিক সম্মেলন অনুষ্ঠিত হয়। সেই উপলক্ষে ৮ মার্চ অনুষ্ঠিত হয় ঝাড়গ্রাম জেলার পরভা নৃত্য ও ঝুমুর গান। ৯ মার্চ পরিবেশিত হয় পুরুলিয়া জেলার ছৌ নৃত্য ও পূর্ব বর্ধমান জেলার পাতা নৃত্য। ১০ মার্চ পরিবেশিত হয় পশ্চিম মেদিনীপুর জেলার মুন্ডারী নৃত্য, ঝাড়গ্রামের চাং নৃত্য ও বীরভূম জেলার বাউল গান। মোট **৮৭ জন** লোকশিল্পী এই সম্মেলনে অনুষ্ঠান করেন।

## পশ্চিমবঙ্গ শিশু কিশোর আকাদেমির আয়োজনে বৃদ্ধাশ্রমে লোকশিল্পীদের অনুষ্ঠান

সামাজিক নানা কারণে আজ পরিবারগুলো ভেঙে নিউক্লিয়ার ফ্যামিলি হয়ে যাচ্ছে। অনেক পরিবারের বয়স্ক ব্যক্তিদের জায়গা হচ্ছে বৃদ্ধাশ্রমে। ঠাকুরদা-ঠাকুরমা, দাদু-দিদারা তাঁদের নাতি- নাতনিদের সহচর্য থেকে বঞ্চিত হচ্ছেন। এই বিষয়টি মাথায় রেখে পশ্চিমবঙ্গ সরকারের তথ্য ও সংস্কৃতি বিভাগের অধীন শিশু কিশোর আকাদেমির উদোগে এবং নারী ও শিশু উন্নয়ন এবং সমাজ কল্যাণ বিভাগের সহযোগিতায় আপনজন বৃদ্ধাশ্রমে গত বছর ৬ নভেম্বর থেকে প্রতি



**অনুষ্ঠান দেখছেন আবাসিকরা, ইনসেটে অনুষ্ঠানটি দেখা যাচ্ছে**

শুক্রবার সন্ধ্যায় কয়েক ঘন্টার সাংস্কৃতিক অনুষ্ঠানের আয়োজন করা হচ্ছে। এই অনুষ্ঠানে শিশু শিল্পীদের পাশাপাশি লোকশিল্পীরাও অংশ নিচ্ছেন। এর ফলে বয়স্ক ব্যক্তিরা যেমন শিশু শিল্পীদের কাছে পেয়ে কিছুটা হলেও নাতি-নাতনিদের সহচর্য অনুভব করছেন, আবার অন্যদিকে তাঁদের মনোরঞ্জনও হচ্ছে।

১৯ জানুয়ারি ২০২৪, ২ ফেব্রুয়ারি ২০২৪ ও ৮ মার্চ ২০২৪ পরিবেশিত হয় দক্ষিণ ২৪ পরগনা জেলার শিল্পীদের বাউল গান। ১৬ ফেব্রুয়ারি ২০২৪ অনুষ্ঠিত হয় দক্ষিণ ২৪ পরগনা জেলার শিল্পীদের কীর্তন গান ও ২২ মার্চ ২০২৪ পরিবেশিত হয় দক্ষিণ ২৪ পরগনা জেলার শিল্পীদের ভাটিয়ালি গান। এই অনুষ্ঠানগুলোতে মোট অংশগ্রহণকারী শিল্পী সংখ্যা **৩০ জন**।

গত ২৬ ফেব্রুয়ারি ২০২৪ তারিখে আপনজন হোম-এর বয়স্ক আবাসিকদের দক্ষিণেশ্বর এবং আদ্যাপীঠ ভ্রমণের ব্যবস্থা করা হয়। মোট **৩২ জন** এই আনন্দ-ভ্রমণের শরিক হয়েছিলেন।

## লোকশিল্পীদের অন্যান্য বিভিন্ন অনুষ্ঠান

কলকাতায় **'ইনস্টিটিউট অফ এনিম্যাল হেলথ অ্যান্ড ভেটেনারি বায়োলজিক্যালস'**-এর রাজ্য পশু কল্যাণ পাক্ষিক কর্মসূচি পালন অনুষ্ঠান অনুষ্ঠিত হয় পশ্চিমবঙ্গ ভেটেনারি কাউন্সিল সভাকক্ষে। এই অনুষ্ঠানে **৩০ জানুয়ারি ২০২৪** পরিবেশিত হয় পূর্ব বর্ধমান জেলার ঘোড়া নাচ। মোট **৮ জন** লোকশিল্পী এই অনুষ্ঠানে অংশগ্রহণ করেছিলেন।

কলকাতায় নেতাজি ইনডোর স্টেডিয়ামে অনুষ্ঠিত হয় **হর্টি ফুড ফেস্টিভ্যাল ২০২৪**। এই উপলক্ষে **১৭ ফেব্রুয়ারি ২০২৪**, অনুষ্ঠিত হয় বীরভূম জেলার বাউল গান এবং **১৮ ফেব্রুয়ারি** অনুষ্ঠিত হয় বাঁকুড়া জেলার ঝুমুর গান। এই অনুষ্ঠানে মোট **১২ জন** শিল্পী অংশগ্রহণ করেছিলেন।

কলকাতায় **ড. আর আহমেদ ডেন্টাল কলেজ এন্ড হসপিটাল**-এর আই.এস.পি কলোকিয়াম ২০২৪ উপলক্ষে **১৭ ফেব্রুয়ারি ২০২৪**, হুগলি জেলার সাঁওতালি নৃত্য অনুষ্ঠিত হয়। এই অনুষ্ঠানে মোট **১৫ জন** লোকশিল্পী অংশগ্রহণ করেছিলেন।

## 'মিলন উৎসব'- ২০২৪ এ লোকশিল্পীদের অনুষ্ঠান

**২৭- ৩১ জানুয়ারি** ২০২৪, পার্ক সার্কাস ময়দানে পশ্চিমবঙ্গ সংখ্যালঘু উন্নয়ন ও বিত্ত নিগমের উদ্যোগে আয়োজিত হয় বার্ষিক বাণিজ্য মেলা মিলন উৎসব। এই উৎসবে বিভিন্ন লোক আঙ্গিক পরিবেশিত হয়। ৩০ জানুয়ারি পরিবেশিত হয় পুরুলিয়া জেলার ছৌ নৃত্য এবং ৩১ জানুয়ারি অনুষ্ঠিত হয় মুর্শিদাবাদ জেলার রায়বেঁশে নৃত্য। মোট **৩০ জন** শিল্পী এই অনুষ্ঠানে অংশগ্রহণ করেছিলেন।

## "বাংলার দুগ্গা" -দের অনুষ্ঠানে লোকশিল্পীরা

"বাংলা দুগ্গা" মহিলাদের দ্বারা পরিচালিত একটি সংস্থা যারা প্রতি বছর 'মৃন্ময়ী মেলা'র আয়োজন করে। এ বছর ৯-১১ ফেব্রুয়ারি ২০২৪ কলকাতার মাইশোর হল-এ এই মেলা অনুষ্ঠিত হয়। ১০ ফেব্রুয়ারি ২০২৪ বেলা ৩ টে একটি পদযাত্রার আয়োজন করা হয় যাতে উত্তর ২৪ পরগনা জেলার মহিলা আদিবাসী নৃত্যের ও বাদ্যের শিল্পীরা অংশগ্রহণ করেন। মোট **৩০ জন** মহিলা শিল্পী অংশগ্রহণ করেন।

"বাংলার দুগ্গা" সংস্থাটি ৮ মার্চ ২০২৪ 'আন্তর্জাতিক নারী দিবস' উপলক্ষে ৭ মার্চ ২০২৪ কলকাতার কলেজ স্কোয়ার-এ একটি সামাজিক পদযাত্রার আয়োজন করে এবং এই পদযাত্রায় উত্তর ২৪ পরগনা জেলার মহিলা ঢাকবাদ্য শিল্পী, আদিবাসী নৃত্যের শিল্পী, মহিলা বাউল গানের শিল্পী ও দক্ষিণ ২৪ পরগনা জেলার মহিলা বাউল গানের শিল্পীরা অংশগ্রহণ করেন। মোট অংশগ্রহণকারী শিল্পী সংখ্যা **১০০ জন**।

লোকসংস্কৃতি ও আদিবাসী সংস্কৃতি কেন্দ্র, তথ্য ও সংস্কৃতি বিভাগ, পশ্চিমবঙ্গ সরকার-এর পক্ষে **কৌস্তুভ তরফদার**, সচিব কর্তৃক প্রকাশিত এবং ডি অ্যান্ড পি গ্রাফিক্স প্রা. লি., ১৪৩ ওল্ড যশোর রোড, কলকাতা ৭০০ ১৩২ থেকে মুদ্রিত। কার্যালয় : লোকসংস্কৃতি ও আদিবাসী সংস্কৃতি কেন্দ্র, তথ্য ও সংস্কৃতি বিভাগ, পশ্চিমবঙ্গ সরকার, 'লোকগ্রাম', ছিট-কালিকাপুর, কলকাতা ৭০০০৯৯। ফোন : (০৩৩) ২৪২৬-২৭২৮/২৬৩৭ (ফ্যাক্স) ই-মেল : loksanskriti@live.com
সম্পাদক : জয় গোস্বামী ।। সহ সম্পাদক : নন্দিনী রায়